DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 07:14 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের অভিযানে ইয়াবাসহ গ্রেপ্তার ৪

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ১১ অক্টোবর ২০২৬, ০২:৪০ PM



ব্রাহ্মণবাড়িয়ায় মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে-১৪৮ পিস ইয়াবা ট্যাবলেটসহ চার মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে সদর মডেল থানা পুলিশ। শনিবার-(১০ অক্টোবর) বিকেল থেকে রাত পর্যন্ত শহরের পৃথক তিনটি এলাকায় এ অভিযান পরিচালিত হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সংশ্লিষ্ট থানায় পৃথক তিনটি মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায় শনিবার বিকেল সাড়ে-৩টার দিকে সদর মডেল থানার উপপরিদর্শক (এসআই) মো.আব্দুল আলীমের নেতৃত্বে পুলিশের একটি দল শহরের তিতাসপাড়ার বড় মসজিদের পেছনে বালুর মাঠসংলগ্ন এলাকায় অভিযান চালায়। এ সময়-১০ পিস ইয়াবাসহ আমীর হামজা (১৯) নামের এক যুবককে গ্রেপ্তার করা হয়। তিনি আখাউড়া উপজেলার দুর্গাপুর গ্রামের মো. জাকির হোসেনের ছেলে।

দ্বিতীয় অভিযানে একই দিন রাত সাড়ে-৮টার দিকে এসআই মো. মনির হোসেনের নেতৃত্বে আরেকটি দল সদর পৌরসভার ৬-নম্বর ওয়ার্ডের উত্তর পৈরতলা ছয়ঘরিয়াপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময়-৩০ পিস ইয়াবাসহ সৈয়দ মিয়া (৪০) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তিনি সদর উপজেলার সুহিলপুর মুসলিমপাড়া এলাকার মৃত এতিম মিয়ার ছেলে।

তৃতীয় অভিযানে রাতে সাড়ে ১০,টার দিকে দুই নম্বর শহর পুলিশ ফাঁড়ির একটি আভিযানিক দল সদর পৌরসভার ভাদুঘর নাসিরপুর এলাকায় অভিযান চালায়। এসআই নির্মলেন্দু ভৌমিকের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে ১০৮, পিস ইয়াবাসহ উজ্জ্বল শর্মা-(২২) ও সুমন,(৩২) নামের দুজনকে গ্রেপ্তার করা হয়।

উজ্জ্বল শর্মা ভাদুঘরঠাকুর পাড়ার ননী গোপাল শর্মার ছেলে এবং সুমন ভাদুঘর উত্তরপাড়া নাসিরপুর এলাকার বাবুল মিয়ার ছেলে। পুলিশ জানিয়েছে, গ্রেপ্তারকৃতদের কাছ থেকে উদ্ধার করা ইয়াবা ট্যাবলেট জব্দতালিকা মূলে জব্দ করা হয়েছে। এ ঘটনায় সদর মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় এফআইআর নম্বর-২৬, ২৭ ও ২৮-মূলে পৃথক তিনটি মামলা রুজু করা হয়েছে।

এ বিষয়ে সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খাইরুল আলম জানান, মাদক ও অপরাধমুক্ত সমাজ গঠনে বাংলাদেশ পুলিশের জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে। মাদকের পাশাপাশি ছিনতাইকারী ও কিশোর গ্যাং দমনেও পুলিশের কঠোর অবস্থান বজায় রয়েছে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-pulisher-obhijane-iyabash-greptar-4